

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮২

আগরতলা, ১২ জুন, ২০২৪

**ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের বার্ষিক সাধারণ সভা**

ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা গতকাল ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা প্রদীপ কুমার দেব। সভায় রাজ্যের ৮টি জেলার জিলা পরিষদের সভাধিপতিগণ, ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের সচিব পাইমৎ মগ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ এবং ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় ২০২৪-২৫ অর্থবছরের ক্রীড়াসূচি ও বাজেট নিয়ে আলোচনা করা হয়। তাছাড়াও সভায় স্কুল স্টরের ক্রীড়াসূচির কর্মপরিকল্পনা তৈরি করা হয়। সভায় ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের সচিব জানান, এবছর রাজ্যে ১৬টি ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। মহকুমা ও জেলাস্তরে প্রথম পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তিনি জানান, আগামী ১৪-১৫ জুন নয়াদিশিতে স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়ার বার্ষিক সভা অনুষ্ঠিত হবে। এই সভায় ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় স্টরের স্কুল গেমসের ক্রীড়াসূচি তৈরি করা হবে। রাজ্যে অনুর্ধ্ব ১৪ ও অনুর্ধ্ব ১৭ বালক বালিকা বিভাগে সুব্রত মুখার্জি কাপ স্কুল ফুটবল প্রতিযোগিতার মধ্য দিয়ে স্কুল ক্রীড়া প্রতিযোগিতার সূচনা হবে। ফুটবল ছাড়াও ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের অধীনে দাবা, টেবিল টেনিস, হ্যান্ডবল, যোগা, ব্যাডমিন্টন, বাস্কেটবল, ভলিবল, জিমন্যাস্টিক্স, খো খো, কাবাড়ি, হকি, অ্যাথলেটিক্স, সাঁতার, জুড়ো ও থাঙ-তা প্রতিযোগিতার আয়োজন করা হবে।

\*\*\*\*\*